

এইট-নোডস এর ভালোবাসায় সিন্ধু শিশুরা

কর্ণফুলি রিপোর্ট

সিডনীতে বাংলাদেশী নুতন প্রজন্মের গঠিত মিউজিক ব্যান্ড এইট নোডস সম্প্রতি অস্ট্রেলিয়ার বৃহত্তর একটি শিশু হাসপাতালের ফান্ড রেইজের জন্যে একটি সঞ্জিত সন্ধ্যার আয়োজন করেছিল। মনোমুগ্ধকর উক্ত সন্ধ্যায় পুরো হল ছিল দর্শক-শ্রোতায় কানায়-কানায় ভর্তি। সকলে উপভোগ করেছে এইট নোডসের সুরসিন্ধু ব্যতিক্রমধর্মী সন্ধ্যাটি। টিকেটের কোন বালাই ছিলনা, তবে দর্শক-শ্রোতারা যার সাথে যতটুকু ছিল সকলে এইট নোডসের আবেদনকে সম্মান করেছেন। গুনগতমান, উপস্থাপনা ও সার্বিক বিষয় বিবেচনা করলে সিডনীতে এমন একটি ব্যান্ড সঞ্জিত সন্ধ্যা আগে কখনো হয়নি বলে অনেকেই সেরাতে মন্তব্য করেছেন। যারা সে অনুষ্ঠানে আসেনি, তারা সত্যি সুন্দর কিছু মুহূর্ত হারিয়েছেন। আবার কবে এইট নোডস তাদের দরাজ গলায় গান শোনাবে সে আশায় অনেকে অপেক্ষা করছে। অনুষ্ঠানোত্তর এইট নোডস এর সংগৃহীত সকল অর্থ সরাসরি শিশু হাসপাতালের কাছে হস্তান্তর করা হয়। হাসপাতাল কর্তৃপক্ষ অস্ট্রেলিয়ান কমিউনিটিতে প্রবাসী বাংলাদেশীদের অবদান ও উদারতার ভূয়সী প্রশংসা করেন। শিশু হাসপাতাল থেকে পাঠানো প্রশংসাপত্র এবং ফান্ড গ্রহনের রিসিট দেখতে নীচের ঘরগুলোতে টোকা মারুন।

প্রশংসা পত্র

ফান্ড রিসিট

সার্টিফিকেট

অনুষ্ঠানের ছবি